

# শাফিন রাশেদ এর কবিতা

## পুরাণের গান

গল্পের প্রেম মরে না, জীবনের প্রেম বাঁচে না

বহুকাল পাশে আছো, এখনো কি ভালবাসো  
অভ্যস্তায় ছুঁয়েছো রোজ, পেয়েছো কি আগেকার খোঁজ  
কেন অপূর্ব মরে যায়, আর এক চৈত্রের সন্ধ্যায়,  
কড়া নাড়া স্বপ্ন বাড়ায়, সৌন্দর্যের নতুন দরজায় ।

গল্পের প্রেম মরে না, জীবনের প্রেম বাঁচে না  
যা থাকে, তার নাম সমঝোতা, আরো কিছু নির্ভরতা ।

## সংসারে মানুষ

সংসার মানুষকে যা দেয়, দাবি করে তার থেকে বেশি

সংসার মানুষকে দেয় শৃঙ্খলার পাঠ  
শৃঙ্খলা দেয় দীর্ঘ জীবন, কুসুম স্বপন  
প্রকৃতি নিজেকে বাঁচায় সংসারের খোলসে  
খোলস দেয় কেরানির মাপ, মাছিদের তাপ ।

সংসারের আরো কিছু ব্যাকরণ আছে -  
নতুনের প্রবেশ দ্বিধাগ্রস্ত সেখানে। ইতস্তত হয়  
স্পর্ধার হাতছানি, আকাশ ছোঁয়ার চেষ্টা,  
আত্মকেন্দ্রিক হয়ে পড়ে মানুষ ।

যে সংসারী, তার ছায়া পড়ে আপন উঠানে  
যে সংসারী নয়, তার মায়া পড়ে অন্য আঙিনায়  
সংসার মানুষকে যা দেয়, দাবি করে তার থেকে বেশী ।

## নীল সবুজের কারাগার

ইটের মেরুণ অহংকার  
উঠে গেছে পাহাড়ের সলজ্জ সবুজে  
এঁকে-বেঁকে। বান্দরবনের অগুনতি সুন্দরের  
অনিমেষ চোখ, দেখে আকাশের সাজ  
স্বর্গের সিঁড়ি ভাঙার গুরুটা যেন আজ এখানে-  
আবহমানের নিঝুম অনিন্দ্য  
আনন্দের অফুরান ডাক  
শুনতে পাই কোথাও

রামায়ণের রাবনজি স্বর্গ-পথে হাঁটেনি

তিন ভাগ নীলের অসীমে  
এক ভাগ সবুজের এই কারাগার  
বড় বেশি ভালবাসি আমি  
যেমন বেসেছিল, বাঙাল পুরাণের সব কারিগর ।